



বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশন (বিসিক)

৩৯৮, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮

Website : [www.bscic.gov.bd](http://www.bscic.gov.bd); E-mail : [Info@bscic.gov.bd](mailto:Info@bscic.gov.bd)



শিল্প প্লট বরাদ্দের বিজ্ঞপ্তি

কুটির, মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি শিল্প খাতের উদ্যোক্তাদের শিল্প স্থাপনে সহায়তাকরণের লক্ষ্যে বিভিন্ন ধরনের অবকাঠামোগত সুবিধা সম্পন্ন (বিদ্যুৎ, গ্যাস, পানি, ড্রেন, রাস্তা, কালভার্ট ইত্যাদি) নিম্নবর্ণিত শিল্পনগরীসমূহে শিল্পপ্লট বরাদ্দ প্রদান করা হবে। আগ্রহী শিল্প উদ্যোক্তাগণ প্রধান কার্যালয়/বিসিকের সংশ্লিষ্ট জেলা কার্যালয় বরাবর বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ হতে ৩০ দিনের মধ্যে আবেদন করতে পারবেন। আবেদনের তথ্যাবলী সংশ্লিষ্ট জেলা ও শিল্পনগরী কার্যালয় এবং বিসিকের ওয়েবসাইটে ([www.bscic.gov.bd](http://www.bscic.gov.bd)) পাওয়া যাবে। শিল্পনগরীভিত্তিক বরাদ্দযোগ্য শিল্প প্রকল্পের সংখ্যা নিম্নরূপ:

ক্রমিক	শিল্পনগরীর নাম	বরাদ্দযোগ্য শিল্প প্লট সংখ্যা	জমির মূল্য (একর প্রতি) (লক্ষ টাকায়)
১	বিসিক বৈদ্যুতিক পণ্য উৎপাদন ও হালকা প্রকৌশল শিল্পনগরী, মুন্সীগঞ্জ	৩৪১ টি	৯১৬.৩২৫
২	বিসিক শিল্পনগরী, ধামরাই (সম্প্র.)	০৭ টি	৩৬৭.৭১
৩	বিসিক শিল্পনগরী, ভৈরব, কিশোরগঞ্জ	০৫ টি	২৭২.৪৩৫
৪	বিসিক শিল্পনগরী, কিশোরগঞ্জ	০১ টি	২০০.০০
৫	বিসিক শিল্পনগরী, কুমিল্লা	০৩ টি	৩০০.০০
৬	বিসিক শিল্পনগরী, গোপালগঞ্জ (সম্প্রসারণ)	১০০ টি	২৭০.৩৪৪
৭	বিসিক শিল্পনগরী, মাদারীপুর (সম্প্রসারণ)	২৭ টি	৩৯৬.৫৮৩
৮	বিসিক শিল্পনগরী, শরীয়তপুর	০৪ টি	১৫০.০০
০৯	বিসিক শিল্পনগরী, নোয়াখালী	০৫ টি	২৫০.০০
১০	বিসিক শিল্পনগরী, শ্রীমঙ্গল, মৌলভীবাজার	৬৫ টি	৩৪৮.২৮
১১	বিসিক শিল্পনগরী, মৌলভীবাজার	০৪ টি	৩০০.০০
১২	বিসিক শিল্পনগরী, রাঙ্গামাটি	০২ টি	১৫০.০০
১৩	বিসিক শিল্পনগরী, সুনামগঞ্জ	৩৩ টি	১৩০.০০
১৪	বিসিক শিল্পনগরী, খাগড়াছড়ি	০৯ টি	৪৩.০৬
১৫	বিসিক শিল্পনগরী, রাজশাহী-২	২৪১ টি	৪৯৪.৯৬
১৬	বিসিক শিল্পনগরী, গাইবান্ধা	০১ টি	১০০.০০
১৭	বিসিক শিল্পনগরী, লালমনিরহাট	০৪ টি	৬০.০০
১৮	বিসিক শিল্পনগরী, পটুয়াখালী	০৪ টি	১৫০.০০
১৯	বিসিক শিল্পনগরী, ঝালকাঠি	০৬ টি	১৬৯.০০
২০	বিসিক শিল্পনগরী, বরগুনা	৪২ টি	২০০.০০
২১	বিসিক শিল্পনগরী, ভোলা	০৫ টি	১০০.০০
২২	বিসিক শিল্পনগরী, চুয়াডাঙ্গা	৫৩ টি	২১০.০০
<b>সর্বমোট</b>		<b>৯৬২ টি</b>	

শিল্প প্লট গ্রহণের সুবিধাসমূহ:

- ❖ শিল্পনগরী/শিল্পপার্কে ডাম্পিং ইয়ার্ড, গ্রীণ জোন, ফায়ার সার্ভিস, মসজিদ, ডে-কেয়ার, প্রাথমিক চিকিৎসা সুবিধা;
- ❖ মহাসড়কের পাশে অবস্থিত হওয়ায় কাঁচামাল ও উৎপাদিত পণ্য পরিবহনে সুবিধা;
- ❖ শিল্প প্লট ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানে বন্ধক রেখে ঋণ গ্রহণে সুবিধা;
- ❖ ওয়ান স্টপ সার্ভিসের মাধ্যমে শিল্প নিবন্ধন ও ইমপোর্ট রেজিস্ট্রেশন সার্টিফিকেট (আইআরসি) সুপারিশ প্রাপ্তি।

মূল্য পরিশোধ সংক্রান্ত তথ্য:

- ❖ পুরুষ শিল্পোদ্যোক্তাদের ক্ষেত্রে প্লটের মূল্য এককালীন অথবা ৬ বছরে ১২ কিস্তিতে পরিশোধযোগ্য;
- ❖ নারী শিল্পোদ্যোক্তাদের ক্ষেত্রে প্লটের মূল্য এককালীন অথবা ৭ বছরে ১৪ কিস্তিতে পরিশোধযোগ্য;
- ❖ পুরুষ শিল্পোদ্যোক্তাদের ক্ষেত্রে আবেদনপত্র জমা দেয়ার সময় চাহিত প্লটের জমির মোট মূল্যের ২০% পে অর্ডার/ডিডি (সংশ্লিষ্ট শিল্পনগরী কার্যালয়ের অনুকূলে) সংযুক্ত করতে হবে;
- ❖ নারী শিল্পোদ্যোক্তাদের ক্ষেত্রে আবেদনপত্র জমা দেয়ার সময় চাহিত প্লটের জমির মোট মূল্যের ১৫% পে অর্ডার/ডিডি (সংশ্লিষ্ট শিল্পনগরী কার্যালয়ের অনুকূলে) সংযুক্ত করতে হবে।
- ❖ "বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশন (বিসিক)-এর শিল্পনগরী/শিল্পপার্কে প্লট বরাদ্দ ও ব্যবস্থাপনা নীতিমালা-২০২৩" অনুযায়ী প্লট বরাদ্দ প্রদান করা হবে।

উল্লেখ যে, বিসিক শিল্পনগরী কুমিল্লা ও বিসিক শিল্পনগরী, ধামরাই সম্প্রসারণে খালি প্লটের জন্য যে সকল উদ্যোক্তা ইতোমধ্যে বিসিক প্রধান কার্যালয়ে আবেদন করেছেন তাদের পুনরায় আবেদনের প্রয়োজন নেই। এ সকল আবেদন নীতিমালা অনুযায়ী জেলা প্লট বরাদ্দ কমিটির মাধ্যমে নিষ্পত্তি করা হবে।

স্বাক্ষরিত  
উপমহাব্যবস্থাপক  
শিল্পনগরী ও সমন্বয় শাখা

আবেদনপত্রের সাথে নিম্নবর্ণিত কাগজপত্র সংযুক্ত করতে হবে:

- (০১) আবেদনকারীর সাম্প্রতিক তোলা পাসপোর্ট আকারের ছবি (২ কপি);
  - (০২) উদ্যোক্তার জাতীয়তার সনদপত্র ও জাতীয় পরিচয়পত্র/পাসপোর্ট/জন্ম নিবন্ধনের কপি;
  - (০৩) হালনাগাদ ট্রেড লাইসেন্স;
  - (০৪) হালনাগাদ রিটার্ন দাখিলের প্রমাণকসহ আয়কর সার্টিফিকেট;
  - (০৫) বাস্তবায়ন তফসিল ও আর্থিক বিশ্লেষণসহ স্বয়ংসম্পূর্ণ প্রকল্প প্রস্তাবনা (বিল্ডিং ও মেশিনারী লে-আউট প্ল্যানের খসড়াসহ);
  - (০৬) নিজস্ব অর্থে প্রকল্প স্থাপনের ক্ষেত্রে ৩০০/-টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্প অঙ্গীকারনামা এবং প্লট বরাদ্দের বিজ্ঞপ্তি প্রকাশের পূর্ববর্তী ০১ বছরের ব্যাংক লেনদেন প্রতিবেদন;
  - (০৭) প্রকল্প প্রস্তাবনায় উল্লিখিত বিনিয়োগযোগ্য প্রকল্প মূল্যের সর্বনিম্ন ৩০% অর্থের লেনদেন প্লট বরাদ্দের বিজ্ঞপ্তি প্রকাশের পূর্বের ০১ (এক) বছরের ব্যাংক লেনদেন প্রতিবেদনে থাকলে উদ্যোক্তার স্বচ্ছলতার প্রমাণক হিসেবে বিবেচিত হবে;
  - (০৮) অংশীদারিত্ব প্রকল্পের ক্ষেত্রে রেজিস্টার্ড অংশীদারী দলিল এবং অংশীদারদের সভার নোটারীকৃত রেজুলেশন;
  - (০৯) লিমিটেড কোম্পানীর ক্ষেত্রে জয়েন্ট স্টক কোম্পানীজ এন্ড ফার্মসের রেজিস্ট্রেশন, মেমোরেণ্ডাম অব এসোসিয়েশন এন্ড আর্টিক্যালস অব এসোসিয়েশন, হালনাগাদ ফরম-১২ এবং কোম্পানীর পরিচালনা পর্ষদের সভার রেজুলেশন;
  - (১০) যে কোন তফসিলি ব্যাংক হতে জামানত বাবদ আবেদিত প্লটের মূল্যের ২০% অর্থের পে-অর্ডার/ডিডি;
  - (১১) বিসিক শিল্প নিবন্ধন সনদপত্র;
  - (১২) উদ্যোক্তার অভিজ্ঞতার সনদসহ জীবনবৃত্তান্ত;
- উল্লেখ্য, বর্ণিত কাগজপত্রাদিসহ ০২ (দুই) সেট আবেদনপত্র জমা প্রদান করতে হবে এবং আবেদনের সাথে আবেদন ফরম ক্রয়ের রশিদ সংযুক্ত করতে হবে।